শিক্ষা শৃঙ্খলা উৎকর্ষ

# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
# Civil Aviation School & College, Tejgaon

Dhaka-1215, Bangladesh, Established: 1963
E-mail: casctejgaon@gmail.com
EIIN: 108517
Web: www.casc.edu.bd
School Code: 1265
Mob: 01309-108517
College Code: 1064

Ref: সিএএসসি/অঃনথি/০৬/নিঃবিজ্ঞপ্তি/২০২৫/ভঃ-০১/০৫৯/ ০৪৫ Date: ০৬/১১/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। অত্র শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে আবেদন আহ্বান করা হলোঃ

| পদবী | বিষয় | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|
| প্রভাষক (চুক্তিভিত্তিক) | সমাজবিজ্ঞান | ০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি স্নাতক/সমমান সহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>খ) শিক্ষকতা পেশায় অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য হবে। | সর্বসাকুল্যে ৩০,০০০/- |

২। **আবেদনের সময়সীমা:** **০৭ ~ ৩০ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত।**

৩। **অন্যান্য যোগ্যতা:** সমগ্র শিক্ষা জীবনে কমপক্ষে ০২ টি স্তরে ১ম শ্রেণি (এসএসসি ও এইচএসসি-তে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং স্নাতক-এ ন্যূনতম সিজিপিএ ৩.০০) সমমান থাকতে হবে এবং কোন স্তরে ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। উল্লেখিত পদে **০১ ডিসেম্বর ২০২৫** তারিখ সর্বোচ্চ বয়স ৩৫ বছর এবং **অভিজ্ঞতা থাকা সাপেক্ষে বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।**

৪। **আবেদনের নিয়মাবলী:** আগ্রহী প্রার্থীকে স্বহস্তে/কম্পোজকৃত আবেদন পত্র, পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), সকল শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আগামী ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে **অধ্যক্ষ, সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও, ঢাকা-১২১৫** বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো। বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে। **জীবন বৃত্তান্তে কর্ম অভিজ্ঞতা, সঠিক ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ থাকা আবশ্যক। উল্লেখিত মোবাইল নম্বরে নিয়োগ সংক্রান্ত SMS প্রেরণ করা হবে।**

৫। **অন্যান্য সুবিধাদি:** বছরে ০২টি ঈদ বোনাস (২ × ১৫০০০/-) ও বৈশাখী ভাতা (৩০০০/-) প্রাপ্য হবেন।

৬। **পরীক্ষা পদ্ধতি:** বাছাইকৃত যোগ্য প্রার্থীদের শ্রেণিকক্ষে পাঠদান যাচাই করা হবে এবং **এর তারিখ SMS এর মাধ্যমে** জানিয়ে দেওয়া হবে। শ্রেণি কক্ষে পাঠদান যাচাইকালে (সম্ভাব্য ডিসেম্বর-২০২৫ এর প্রথম সপ্তাহ) সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে যোগদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৭। **শর্তাবলি:** এই নিয়োগ বর্তমান প্রভাষকের মাতৃত্বকালীন ছুটির বিপরীতে এবং পুনরায় নবায়ন না করা শর্তে প্রদান করা হবে। নিয়োগের সময়সীমা জানুয়ারী ~ জুলাই ২০২৬ অথবা মাতৃত্বকালীন ছুটি থেকে বর্তমান প্রভাষক পুনরায় যোগদান না করা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে স্বেচ্ছায় চাকুরী হতে অব্যাহতি নেওয়া যাবে না। প্রার্থীদেরকে উল্লেখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোনো আবেদনপত্র এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যেকোনো ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

অধ্যক্ষ
সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
ঢাকা-১২১৫।